# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪৫০৪

পর্ব-২২: পোশাক-পরিচ্ছদ (كتاب اللباس )

পরিচ্ছেদঃ ৪. দ্বিতীয় অনুচ্ছেদ - ছবি সম্পর্কে বর্ণনা

## আরবী

وَعَنِ ابْنِ عُمَرَ: أَنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ نَهَى عَنِ الْخَمْرِ وَالْمَيْسِرِ وَالْكُوبَةِ والغبيراء. الغبيراء: شَرَابٌ يَعْمَلُهُ الْحَبَشَةُ مِنَ الذُّرَةِ يُقَالُ لَهُ: السكركة. رَوَاهُ أَبُو دَاوُد

## বাংলা

৪৫০৪-[১৬] ’আবদুল্লাহ ইবনু ’উমার (রাঃ) হতে বর্ণিত। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম মদ, জুয়া, কূবাহ্ ও গুবায়রা হতে নিষেধ করেছেন। গুবায়রা এক প্রকারের মদ যা (আফ্রিকার) হাবশীরা বাজরা হতে প্রস্তুত করত। তা তাদের ভাষায় সুকুর্কাহ্। (আবূ দাঊদ)[1]

## ফুটনোট

[1] সহীহ : আবূ দাঊদ ৩৬৮৫, সিলসিলাতুস্ সহীহাহ্ ১৭০৮, মুসনাদুশ্ শাফি‘ঈ ১৩৪৬, আস্ সুনানুল কুবরা লিল বায়হাক্বী ১৭৮৪৭, সহীহুল জামি‘ ১৭৪৭, আল জামি‘উস্ সগীর ২৬২৮, মুওয়াত্ত্বা মালিক ৩১২৯, মুসান্নাফ ‘আবদুর রায্যাক ১৭০২৫।

## ব্যাখ্যা

ব্যাখ্যাঃ (أَنَّ النَّبِىَّ صَلَّى اللّٰهُ عَلَيْهِ وَسَلَّمَ نَهٰى عَنِ الْخَمْرِ وَالْمَيْسِرِ) হাদীসটিতে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম হাবাশীদের ভুট্টার তৈরি মদ খেতে এবং জুয়া ও তবলা বা নারদ খেলতে নিষেধ করেছেন। নিহায়াহ্ গ্রন্থে রয়েছে, সুকুরকাহ্ এক প্রকার মদ যা ভুট্টা থেকে তৈরি করা হয়। (মিরক্বাতুল মাফাতীহ)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=75228

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন